

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ


“বিজ্ঞপ্তি”

তারিখ: ১২/১২/২০১৬খ্রি:

মহান বিজয় দিবস ২০১৬ উপলক্ষে আগামী ১৫ ডিসেম্বর ২০১৬ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় ইডেন মহিলা কলেজ অডিটোরিয়ামে ছাত্রীদের আয়োজিত মহান মুক্তিযুদ্ধে নারীদের অবদান শীর্ষক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এম.পি উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের জন্য সম্মানিত বিভাগীয় প্রধানদের অনুরোধ করা যাচ্ছে।

- ১। সকল বিভাগীয় প্রধানগণ মাননীয় মন্ত্রী মহোদয়কে অভ্যর্থনা জানানোর জন্য সকাল ১০.৩০ ঘটিকায় ১নং গেইটের সামনে উপস্থিত থাকবেন।
- ২। অভ্যর্থনার পর বিভাগীয় প্রধানগণ সকল শিক্ষকদের নিয়ে স্ব-স্ব বিভাগে অবস্থান করবেন।
- ৩। প্রতিটি বিভাগে ২০ জন অনাবাসিক ছাত্রী স্ব-স্ব বিভাগে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। প্রয়োজনে তাদেরকে প্রথমে অডিটোরিয়াম ও পরে মাঠে নেয়া হবে।
- ৪। দুপুর ১.০০ টার সময় সকল বিভাগীয় প্রধানগণ ও সকল শিক্ষক এবং বিভাগে অবস্থানকারী ছাত্রীদের নিয়ে বিজয় মেলা উদ্বোধনের জন্য মাঠে অবস্থান করবেন এবং মেলা শেষ না হওয়া পর্যন্ত ক্যাম্পাসে অবস্থান করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।



(প্রফেসর গায়ত্রী চ্যাটার্জী)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

বিতরণ:

- ১। সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ২। আহ্বায়ক, ওয়েবসাইট পরিচালনা/তদারকি কমিটি, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
*বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৩। নোটিশ বোর্ড।